

৪৪

## কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রচণ্ড গুলি বিনিময়।। ভাংচুর ছাত্রদের কোন্দলের জের

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ১৯শে আগস্ট (নিজস্ব সংবাদদাতা)।- গতকাল দিবাগত রাতে গোলাগুলি ও ককটেলের প্রচণ্ড শব্দে প্রকম্পিত হয় ক্যাম্পাস। সংঘর্ষে আহত হয়েছে ১৫ জন।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, রাত এগারোটায় দিকে ছাত্রদের অভ্যন্তরীণ কোন্দলের জের হিসেবে এ সংঘর্ষ শুরু হয়। আধুনিক অস্ত্রশস্ত্রের শতাধিক রাউন্ড গুলি এবং ককটেলের শব্দে দিশেহারা

ছাত্র-ছাত্রীরা প্রাণতয়ে ছোটোছোটো তরুণ করে। ১৫ জন আহত হয়। রোববার রাত থেকে একই কারণে এ পর্যন্ত বিভিন্ন হলের ২০টি রুম ভাংচুর ও অগ্নিসংযোগ করা হয়। গুলিতে ফজলুল হক হলের মেডিক্যাল বয় বিনয় গুরুতর আহত অবস্থায় ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আছে। ক্যাম্পাসে প্রচুর পুলিশ মোতায়েন রয়েছে। উত্তেজনা বিরাজ করছে। ছাত্রদল নেতৃবৃন্দ অবস্থা নিয়ন্ত্রণে আনতে জরুরী সতায় মিলিত হয়েছেন বলে জানা গেছে।